গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ ঢাকা-১০০০।
www.dpdt.gov.bd

স্মারক নং-৮৯.০০.০০০০.০০১.১০-১৮৮(১)/২০১২/ তারিখঃ ০২-৯-২০১২ খ্রিঃ

নোটিশ

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর হতে ট্রেডমার্ক বিষয়ক বিভিন্ন সেবা গ্রহণের জন্য দাখিলকৃত কোন কোন দরখাস্তে কিছু ত্রুটি পরিলক্ষিত হচ্ছে। যেমন কোন কোন দরখাস্ত যথাযথভাবে পূরণ করা হয় না, এমনকি দরখাস্তে আবেদনকারীর স্বাক্ষরও থাকেনা, কোন কোন দরখাস্তের সাথে প্রয়োজনীয় তথ্য ও কাগজপত্র সংযুক্ত করা হয় না আবার কোন কোন দরখাস্তের সাথে সঠিক ফি প্রদান করা হয় না। ফলে দরখাস্তসমূহ পরীক্ষণ ও নিষ্পত্তিতে সমস্যার সৃষ্টি হচ্ছে এবং সময়ক্ষেপন হচ্ছে। এতে করে অধিদপ্তরে কাজের চাপ বৃদ্ধি পাচ্ছে এবং গ্রাহকসেবার উপর নেতিবাচক প্রভাব পড়ছে। অধিদপ্তরের কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি এবং দ্রুততার সাথে মানসম্মত গ্রাহকসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে বিভিন্ন দরখাস্ত দাখিল করার সময় নিম্নবর্ণিত তথ্যাদি যথাযথভাবে সন্নিবেশপূর্বক আবেদন জমা প্রদান করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হচ্ছে। এ অধিদপ্তরের ফ্রন্ট ডেস্কে দরখাস্ত গ্রহণ করার সময় সংশ্লিষ্ট কর্মচারীদেরকে **নিম্নের চেকলিস্ট অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। এখন হতে পূর্বে জারীকৃত চেকলিস্ট বাতিল বলে গণ্য হবে।**

ক্রমিক	দরখাস্তের নাম	প্রয়োজনীয় কাগজপত্র
১	**টিএম-১ ও ২ নং ফরম**	১। নির্ধারিত ফরমে দরখাস্ত করতে হবে। ফরমের প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করতে হবে। ২। দুই কপি মূল আবেদনপত্র ও ছয় কপি Additional Representation জমা দিতে হবে। ৩। 'In the name of-' কলামে কোম্পানী/ব্যক্তির নাম উল্লেখ করতে হবে। আবেদনকারী কোম্পানী হলে কোম্পানীটি কোন আইনে গঠিত হয়েছে তা এবং আবেদনকারী ব্যক্তি হলে ব্যক্তির জাতীয়তা উল্লেখ করতে হবে। কোম্পানী/ব্যক্তি নির্বিশেষে ব্যবসার ধরণ উল্লেখ করতে হবে। ৪। সুনির্দিষ্ট তারিখসহ ব্যবহারকাল উল্লেখ করতে হবে। ৫। আইনজীবী/এজেন্টের মাধ্যমে আবেদন করলে মুল/সত্যায়িত জিপিএ/পিএ জমা দিতে হবে। ৬। দ্রব্য ও ফি সিডিউল পর্যালোচনায় ফি যথাযথ হতে হবে। ৭। লেবেলের সাইজ পরিমিত হতে হবে। ৮। লেবেল হিসেবে কোন মোড়ক/প্যাকেট গ্রহণযোগ্য হবে না। ৯। টেকসই কাগজে লেবেল জমা দিতে হবে। লেবেলের ফটোকপি গ্রহণযোগ্য হবে না। ১০। লেবেলের মধ্যে কোনটি ট্রেডমার্ক তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। ১১। লেবেলের মধ্যে ¯ এবং BSTI, ISO বা এ ধরণের অন্য কোন সংস্থার লোগো থাকতে পারবে না। ১২। লেবেল/মার্কে বাংলা/ইংরেজি ব্যতীত অন্য কোন ভাষা ব্যবহৃত হলে তার Translation ও Transliteration থাকতে হবে। ১৩। লেবেল/মার্কে কোন ব্যক্তির ফটো/ছবি ব্যবহৃত হলে সংশ্লিষ্ট ব্যক্তির/অভিভাবকের অনাপত্তিপত্র জমা দিতে হবে। ১৪। আবেদনে আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে এবং স্বাক্ষরের নিচে আবেদনকারীর পূর্ণ নাম, পদবী এবং মোবাইল/টেলিফোন নাম্বার উল্লেখ করতে হবে। ১৫। Priority claim করলে প্রয়োজনীয় প্রমাণাদি দাখিল করতে হবে। ১৬। চট্টগ্রামের আবেদন চট্টগ্রাম অফিসে জমা দিতে হবে।
২	**টিএম ১১**	১। নির্ধারিত ফরমে দরখাস্ত করতে হবে। ফরমের প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করতে হবে। ২। তিন কপি লেবেল জমা দিতে হবে। ৩। দ্রব্য ও ফি সিডিউল মোতাবেক যথাযথ ফি জমা দিতে হবে। ৪। জার্নালের সংশ্লিষ্ট পৃষ্ঠার ফটোকপি জমা দিতে হবে। ৫। নির্ধারিত ফরমে পূরণকৃত টিএম-৫০ জমা দিতে হবে। যোগাযোগের ঠিকানা পরিবর্তিত হলে টিএম-৫০ এর সাথে যথাযথ ফি জমা দিতে হবে। ৬। আইনজীবী/এজেন্ট পরিবর্তন হলে নুতন আইনজীবী/এজেন্ট এর মূল/সত্যায়িত জিপিএ/পিএ জমা দিতে হবে।

৩	**টিএম ১২**	১। নির্ধারিত ফরমে দরখাস্ত করতে হবে। ফরমের প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করতে হবে। ২। দ্রব্য ও ফি সিডিউল মোতাবেক যথাযথ ফি জমা দিতে হবে। ৩। রেজিস্ট্রেশন সনদ/সর্বশেষ নবায়ন সনদের ফটোকপি জমা দিতে হবে। ৪। আইনজীবী/এজেন্ট পরিবর্তন হলে নুতন আইনজীবী/এজেন্ট এর মূল/সত্যায়িত জিপিএ/পিএ জমা দিতে হবে।
৪	**টিএম ১৬**	১। নির্ধারিত ফরমে দরখাস্ত করতে হবে। ফরমের প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করতে হবে। ২। ফি সিডিউল মোতাবেক যথাযথ ফি জমা দিতে হবে। ৩। লেবেল সংশোধনের ক্ষেত্রে সংশোধিত লেবেলের ০৮ (আট) কপি জমা দিতে হবে। ৪। আইনজীবী/এজেন্ট পরিবর্তন হলে নুতন আইনজীবী/এজেন্ট এর মূল/সত্যায়িত জিপিএ/পিএ জমা দিতে হবে।
৫	**জার্নাল ফি জমাদান সংক্রান্ত**	১। দ্রব্য ও ফি সিডিউল মোতাবেক যথাযথ ফি জমা দিতে হবে। ২। ০২ (দুই) কপি লেবেল জমা দিতে হবে। ৩। জার্নাল নোটিশের ফটোকপি জমা দিতে হবে। ৪। জার্নাল নোটিশের শর্ত মোতাবেক না-দাবী পত্র বা অন্য কোন চাহিত কাগজপত্র জমা দিতে হবে। ৫। আইনজীবী/এজেন্ট পরিবর্তন হলে নুতন আইনজীবী/এজেন্ট এর মূল/সত্যায়িত জিপিএ/পিএ জমা দিতে হবে।
৬	**টি.এম-২৪**	১.নির্ধারিত ফরমে দরখাস্ত করতে হবে। ফরমের প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করতে হবে। ২. ফি সিডিউল পর্যালোচনায় ফি যথাযথ হতে হবে। ৩. Assignee আইনজীবি/এজেন্টের মাধ্যমে আবেদন করলে মূল/সত্যায়িত জিপিএ/পিএ জমা দিতে হবে। ৪. বিদেশী আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক প্রত্যায়িত এবং নোটারীকৃত মূল Deed of Assignment দাখিল করতে হবে। ৫. দেশী আবেদনের ক্ষেত্রে নোটারীকৃত মূল Deed of Assignment দাখিল করতে হবে।
৭	**টি.এম-২৮**	১.নির্ধারিত ফরমে দরখাস্ত করতে হবে। ফরমের প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করতে হবে। ২. ফি সিডিউল পর্যালোচনায় ফি যথাযথ হতে হবে। ৩. Licensee আইনজীবি/এজেন্টের মাধ্যমে আবেদন করলে মূল/সত্যায়িত জিপিএ/পিএ জমা দিতে হবে। ৪. বিদেশী আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক প্রত্যায়িত এবং নোটারীকৃত মূল License/Agreement দাখিল করতে হবে। ৫. দেশী আবেদনের ক্ষেত্রে নোটারীকৃত মূল License/Agreement দাখিল করতে হবে।
৮	**টি.এম-৩৩**	১.নির্ধারিত ফরমে দরখাস্ত করতে হবে। ফরমের প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করতে হবে। ২. ফি সিডিউল পর্যালোচনায় ফি যথাযথ হতে হবে। ৩. আইনজীবী/এজেন্ট পরিবর্তন হলে নুতন আইনজীবী/এজেন্ট এর মূল/সত্যায়িত জিপিএ/পিএ জমা দিতে হবে। ৪. জয়েন্ট স্টক কোম্পনীর সার্টিফিকেটের মূল/সত্যায়িত কপি দাখিল করতে হবে।
৯	**টি.এম-৩৪**	১.নির্ধারিত ফরমে দরখাস্ত করতে হবে। ফরমের প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করতে হবে। ২. ফি সিডিউল পর্যালোচনায় ফি যথাযথ হতে হবে। ৩. আইনজীবী/এজেন্ট পরিবর্তন হলে নুতন আইনজীবী/এজেন্ট এর মূল/সত্যায়িত জিপিএ/পিএ জমা দিতে হবে। ৪. কোম্পানী রেজিস্ট্রারের সার্টিফিকেটের মূল/সত্যায়িত কপি দাখিল করতে হবে।
১০	**টি.এম-৩৮**	১.নির্ধারিত ফরমে দরখাস্ত করতে হবে। ফরমের প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করতে হবে। ২. ফি সিডিউল পর্যালোচনায় ফি যথাযথ হতে হবে। ৩. আইনজীবী/এজেন্ট পরিবর্তন হলে নুতন আইনজীবী/এজেন্ট এর মূল/সত্যায়িত জিপিএ/পিএ জমা দিতে হবে। ৪. ১০ (দশ) কপি লেবেল জমা দিতে হবে।
১১	**টি.এম-৪৬**	১.নির্ধারিত ফরমে দরখাস্ত করতে হবে। ফরমের প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করতে হবে। ২. ফি সিডিউল পর্যালোচনায় ফি যথাযথ হতে হবে। ৩. ২ (দুই) কপি লেবেল জমা দিতে হবে।
১২	**টিএম ৫৪**	১। নির্ধারিত ফরমে দরখাস্ত করতে হবে। ফরমের প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করতে হবে। ২। ফি সিডিউল মোতাবেক যথাযথ ফি জমা দিতে হবে। ৩। এ-৪ কাগজে শ্রেণী ও দ্রব্য উল্লেখ করে ০২ (দুই) কপি Representation of Trademarks জমা দিতে হবে।

উল্লেখ্য যে, উপরোক্ত ছকে বর্ণিত চেকলিস্ট সংক্রান্ত কোন বিষয়ে অস্পষ্টতা থাকলে জনাব মোঃ ফখরুল ইসলাম, সহকারী রেজিস্ট্রার (ট্রেডমার্কস), ফোনঃ ৯৫৫৫৫৪১ ই-মেইলঃ **mafaislam@ gmail.com** এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ আব্দুর রউফ)
রেজিস্ট্রার
ডিপিডিটি
ফোনঃ ৯৫৬০৬৯৬।

বিতরণঃ

১। ডেপুটি রেজিস্ট্রার (সকল), ডিপিডিটি, ঢাকা।
২। সহকারী রেজিস্ট্রার (সকল), ডিপিডিটি, ঢাকা।
৩। ফ্রন্ট ডেস্ক, ডিপিডিটি, ঢাকা।
৪। IP Attorneys Association
৫। নোটিশ বোর্ড, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
৬। নোটিশ বোর্ড, ডিপিডিটি, ঢাকা।